# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২২১৭

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - কিরাআতের ভিন্নতা ও কুরআন সংকলন প্রসঙ্গে

### আরবী

عَن بُرَيْدَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَرَأَ الْقُرْآنَ يَتَأَكَّلُ بِهِ النَّاس جَاءَ يَوْمَ الْقِيَامَةِ وَوَجْهُهُ عظم لَيْسَ عَلَيْهِ لحم» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

### বাংলা

২২১৭-[৭] বুরায়দাহ্ আল আসলামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কুরআন পড়ে মানুষের কাছে খাবার চাইবে কিয়ামতের দিন সে এমন এক অবস্থায় উপনীত হবে যে তার চেহারায় হাড় থাকবে, কিন্তু মাংস (গোসত/মাংস) থাকবে না। (বায়হাক্বী- শু’আবূল ঈমান)[1]

### ফুটনোট

[1] মাওযূ‘ : শু‘আবূল ঈমান ২৩৮৪, য‘ঈফাহ্ ১৩৫৬, য‘ঈফ আল জামি‘ ৫৭৬৩। কারণ এর সানাদে আহমাদ ইবনু মায়সাম ‘আলী ইবনু কদিম থেকে অনেক মুনকার হাদীস বর্ণনা করেছেন। ইমাম সুয়ূত্বী হাদীসটিকে তার ‘‘মাওযূ‘আত’’-এ নিয়ে এসেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি কুরআনের মাধ্যমে মানুষের নিকট খাদ্য চায়। অর্থাৎ- যে দুনিয়ার তুচ্ছ জিনিসের জন্য কুরআনকে মাধ্যম বানায় ও নিকৃষ্ট বস্তুর জন্য শ্রেষ্ঠ সম্মানিত বস্তুকে অবলম্বন বানায় এবং মন্দতর জিনিসের উপায় বানায় সে কিয়ামতের দিন বিভৎস-নিকৃষ্ট চেহারায় আল্লাহর সামনে উপস্থিত হবে। কুরআনের দ্বারা যে খাবার সন্ধান করে তার জন্য কঠিন শাস্তি রয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56777

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন